দৈনিক ইত্তেফাক

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 16 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম 6

11

## নাসিরাবাদ পলিটেকনিক ইনষ্টিটিউট ও টেকনিক্যাল ট্রেনিং সেণ্টার বন্ধ ঘোষণা

( চট্টগ্রাম অফিস )

চট্টগ্রামের বিভিন্নস্থানে বিশেষতঃ নাসিরাবাদ পলিটেকনিক ইনষ্টিটিউট ও সংলগ্ন টেকনিক্যাল

(শেষ পৃ: ৪-এর ক: দ্রঃ)

## নাসিরাবাদ পলিটেকনিক

( ১ম পৃষ্ঠার পর )

ট্রেনিং সেন্টারে ( টিটিসি ) দুইটি ছাত্র সংগঠনের মধ্যে গত কয়েক দিনের সংঘর্ষের কারণে শিক্ষা প্রতিষ্ঠান দুইটি গতকাল সোমবার অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। ইনষ্টিটিউটের ছাত্রাবাসও বন্ধ করিয়া দেওয়া হয়। টেকনিকেল ট্রেনিং ইনষ্টিটিউটও গত ১৩ই মে হইতে অনির্দিষ্টকালের জন্য বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। আগামী ১২ই জুন হইতে সারাদেশে পলিটেকনিক ইনিষ্টিটিউটের বোর্ড ফাইন্যাল পরীক্ষা। ইনষ্টিটিউট অধ্যক্ষ জানান, ছাত্র সংগঠনগুলির মধ্যে শিক্ষার পরিবেশ রক্ষার ব্যাপারে সমঝোতা না হইলে, পরীক্ষা অনুষ্ঠানও অনিশ্চিত। ইসলামী ছাত্রশিবির নেতৃবৃন্দ এক বিবৃতিতে শিক্ষা-প্রতিষ্ঠান দুইটি বন্ধের তীব্র প্রতিবাদ জানাইয়াছে।